

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড
শান্তিনগর শাখা, মদিনা হাইটস, ৩২, নিউ সার্কুলার রোড, সিদ্ধেশ্বরী, রমনা, ঢাকা।

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তিসমূহ (ফ্ল্যাটসমূহ) নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

তদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মোঃ সাইদুল ইসলাম চৌধুরী, পিতাঃ আলহাজ্ব হাফিজ আহমেদ চৌধুরী, মাতাঃ হোসনে আরা বেগম, বর্তমান ঠিকানাঃ রহমত ভিলা, ৭০৮, মনসুরাবাদ, ডাকঘরঃ চট্টগ্রাম সদর, থানাঃ কোতয়ালী, জেলাঃ চট্টগ্রাম, স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ দক্ষিণ সাতার চৌধুরী বাড়ী, ডাকঘরঃ দক্ষিণ সাতার, থানাঃ ছাগলনাইয়া, জেলাঃ ফেনী, ব্যবসায়িক ঠিকানাঃ এ.এ. সিকিউরিটিজ লিঃ, কে.এন. টাওয়ার (৫ম তলা), আগ্রাবাদ, কদমতলী, চট্টগ্রাম কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, শান্তিনগর শাখা, ঢাকা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ (ফ্ল্যাটসমূহ) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৭/০৩/২০১৮ইং তারিখ পর্যন্ত সুদসহ ব্যাংকের পাওনা মোট ৯০,৪৭,৯৫০.২২ (নব্বই লক্ষ সাতচল্লিশ হাজার নয়শত পঞ্চাশ টাকা বাইশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ (ফ্ল্যাটসমূহ) যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের (ফ্ল্যাটসমূহের) তফসিল

Dist.-Dhaka, P.S.-Sabek Ramna, Hal-Shahbag, Mouza-Shabek Sahar Dhaka, Hal-Ramna. J.L. No. C.S.-01, S.A.-04, R.S.-27, City Jarip-7, C.S. Khatian No. 6860 (Ga), S.A Khatian No. 106, R.S. Khatian No.-41, City Jarip Khatian No.133, 248, 1555, Mutation Khatian No. 41/3, 41/1, 299, 300, Jote No. 313, 312, 1179, 1180, C.S. Plot No. 40, S.A. Plot No. 512, R.S Plot No. 1617, City Jarip Plot No. 1524, 1525, Undivided & undemarcated proportionate area of land 35.50 ajuthangsha out of 18.09 decimals along with a flat being No. 4/C+D, measuring 2350 sft. eastern side on the 4th floor of the constructed 15th storied residential cum commercial building thereon. Building name "ALAMPANA TOWER." Dhaka City Corporation Holding No. 6/7/A, Topkhana Road, Dhaka. Butted & bounded by: On the North-Road, On the South-Hasenur Green Cottage, On the East-DOM INO Building, On the West-Nagar Sayanir.

নিলামের শর্তাবলী :-

- ১। আগামী ১৬/০৪/২০১৮ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, শান্তিনগর শাখায় রক্ষিত বাঞ্ছে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ভূত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ভূত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ভূত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, শান্তিনগর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ভূত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ভূত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ভূত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমন্বয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক সম্পত্তির (ফ্ল্যাটের) জন্য পৃথক পৃথক ভাবে দরপত্র দাখিল করিতে পারিবেন।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তিসমূহের (ফ্ল্যাটসমূহের) প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তিসমূহ (ফ্ল্যাটসমূহ) রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফ্রি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তিসমূহের (ফ্ল্যাটসমূহের) আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, শান্তিনগর শাখা, ঢাকা।